DEC. 1 5 2000

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১৬ কলাম ৩ ......

47

দুই কলেজে রেজিষ্ট্রেশন

# অনার্সের শিক্ষার্থী ডিগ্রী পাস পরীক্ষা দিতেছে

মাইনুল হাসান॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের একশ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীর যোগসাজশে প্রতিবছর বিপুল-সংখ্যক অনার্স ক্লাসের ছাত্র-ছাত্রী ডিগ্রী পাস পরীক্ষায় অংশগ্রহণ করে। তাহারা দুইটি কলেজ হইতে রেজিষ্ট্রেশন করিয়া ডিগ্রী পরীক্ষায় অংশগ্রহণ করিতেছে। সারাদেশেই এই ধরনের পরীক্ষার্থী রহিয়াছে।

প্রতিবছর ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষা পৃথক সময়ে অনুষ্ঠিত হয়। এই বছরই প্রথম একই সাথে ডিগ্রী ও সাবসিডিয়ারী পরীক্ষা শুরু হইয়াছে। এই কারণে কেহ হয়ত সাবসিডিয়ারী আবার কেহ ডিগ্রী পরীক্ষা ড্রপ করিয়াছে। এ কারণে এইবার ডিগ্রী পরীক্ষায় অনুপস্থিতির সংখ্যা অন্যান্য বারের তুলনায় বেশী।

জানা গিয়াছে, বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রেশন শাখার যোগসাজশে বিভিন্ন বেসরকারী কলেজ অনার্স ক্লাসের ছাত্র-ছাত্রীদের ডিগ্রী পাস পরীক্ষার জন্য রেজিষ্ট্রেশন করায়। ডিগ্রী পাস করিয়া গেলে তাহারা মাষ্টার্সে ভর্তি হয়। সেশন জটের কারণে অনার্সে অধিক সময় ব্যয় করিতে হয় না। এই কারণে অনার্সে শেষ পর্যন্ত বহু ছাত্র-ছাত্রী খুঁজিয়া পাওয়া যায় না। ফলে কোটা শূন্য থাকে। অথচ অনার্সে ভর্তির সময় তীব্র প্রতিযোগিতা দেখা দেয়। যাহারা ভর্তি হওয়ার সুযোগ পায় না তাহারা বাধ্য হইয়া পাস কোর্সে ভর্তি হয়। তাহাদের ভাগ্যে অনার্সে পড়ার সুযোগ হয় না। কিভাবে একই ছাত্রের দুইবার রেজিষ্ট্রেশন হইতেছে এই ব্যাপারে কেহ মুখ খুলিতে চাহে না। কর্তৃপক্ষের এইদিকে নজর নাই।